দৈনিক
ইনকিলাব

তারিখ ... 1-8-2006 ...
পৃঃ ১২ কলাম ... ৩ ...

শিক্ষা ন্যায়পাল নিয়োগ দিন

# সরকার প্রতিশ্রুতি পূরণ না করে উল্টো প্রতারণা করেছে

## -শিক্ষক কর্মচারী ফ্রন্ট

স্টাফ রিপোর্টার

বিএনপি -সরকারের বিগত নির্বাচনী ইশতেহারের শিক্ষক-কর্মচারীদের বেতন বৃদ্ধি সংক্রান্ত অংশে এবং শিক্ষামন্ত্রীর এ বছরের ৬ আগস্টের ঘোষণায় শিক্ষক-কর্মচারী ফ্রন্ট গতকাল রাজধানীর মুক্তাঙ্গনে অগ্নিসংযোগ করে। সেই সাথে পূর্বঘোষিত কর্মসূচী *৮-এর পৃঃ ১-এর কঃ দেখুন*

## সরকার প্রতিশ্রুতি পূরণ না করে

*১২-এর পৃষ্ঠার পর*

অনুযায়ী ফ্রন্ট কালো পতাকা সমাবেশ পালন করে। সমাবেশে ফ্রন্টের নেতৃবৃন্দ সরকারের প্রতারণা ও বঞ্চনার প্রতিবাদ এবং পূর্ণ উৎসবভাতার দাবী জানিয়ে বলেন, এক মাসের মধ্যে 'বন্ডে' টাকা দেয়ার কথা বলে দু'মাস পার করিয়ে দেয়া হয়েছে। এখন ক্ষমতা ছাড়ার দেড়সপ্তাহ আগে ডেফার্ড পেমেন্টে ৫ ভাগ প্রদানের কথা বলে নতুন করে ধোঁকা দেয়ার অপকৌশল নিয়েছে। যার মূল কথা, জোট সরকারের আমলে নয়, পরের সরকারের সময় বাকি ৫ ভাগ দেয়া হবে। এটা শিক্ষক সমাজের সাথে প্রতারণা ছাড়া আর কিছু নয়। নেতৃবৃন্দ বলেন, এ সরকার ৫ বছরে শিক্ষাক্ষেত্রে নির্লজ্জ দলীয়করণ, শিক্ষার নির্বিচার পণ্যায়ন ও বাণিজ্যিকরণসহ সবকিছুতে নগ্ন হস্তক্ষেপ করে শিক্ষক-কর্মচারীদের জীবনযাত্রা ব্যাহত করেছে। সেই সাথে নিজেদের প্রতিশ্রুতি পূরণ না করে উল্টো কৌশলে শিক্ষক-কর্মচারীদের কাছ থেকে প্রতারণা পন্থায় ৩ হাজার কোটি টাকা কেড়ে নেয়া হয়েছে। ফ্রন্টের প্রধান সমন্বয়কারী ও আহ্বায়ক প্রিন্সিপাল কাজী ফারুক আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন- মোহাম্মদ আজিজুল ইসলাম, প্রফেসর আসাদুল হক, বিলকিস জামান, খান মোশাররেফ হোসেন, প্রফেসর শরীফ উদ্দীন, মোঃ আবদুল মন্নান, আজিজুর রহমান, এম আরজু প্রমুখ। সমাবেশে প্রিন্সিপাল কাজী ফারুক বলেন, আসন্ন সংসদ নির্বাচন জাতীয় ঐক্যমতের ভিত্তিতে না হলে ১৯৯৬ সালের ১৫ ফেব্রুয়ারীর বিতর্কিত নির্বাচনের মতো এবারও শিক্ষকগণ নির্বাচনী দায়িত্ব পালন থেকে বিরত থাকবেন।

তিনি বলেন, তত্ত্বাবধায়ক সরকার দায়িত্ব গ্রহণের সাত দিনের মধ্যে শিক্ষাখাতের সকল প্রশাসনিক প্রধানদের প্রত্যাহার করে নিদর্লীয় ভাবমূর্তি অধিকারী ব্যক্তিদের দায়িত্ব প্রদান, অবসর সুবিধা বোর্ড ও কল্যাণ ট্রাস্টের বর্তমান কমিটি ভেঙ্গে দিয়ে সকলের কাছে গ্রহণযোগ্যদের দিয়ে কমিটি পূর্ণগঠন করতে হবে। সরকারী অর্থে দলীয় বিবেচনায় বেসরকারী শিক্ষক-কর্মচারীদের বিরুদ্ধে দায়ের করা হয়রানীমূলক মামলা প্রত্যাহার করতে হবে। প্রিন্সিপাল কাজী ফারুক আহমেদ বলেন, শিক্ষা ন্যায়পাল নিয়োগ দিয়ে শিক্ষাক্ষেত্রে দলীয় ও প্রশাসনিক প্রভাব নিরসন করার কোন বিকল্প নেই।